একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি : | ডা: সামন্ত লাল সেন<br>মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |
| তারিখ : | ১১-০৩-২০২৪ খ্রি. |
| সময় : | বিকাল ০৩:০০ টা |
| স্থান : | সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

উপস্থিত কর্মকর্তাদের তালিকা : সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহিদদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থানের জন্য নির্দেশনা প্রদান করেন। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন)-কে আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে গত ১৩-০২-২০২৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে গত ০১-০২-২০২৪ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত ০২টি সভায় গৃহীত সিদ্ধান্তের মধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়ন সংক্রান্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। সভায় উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

## (ক) **আলোচ্যসূচি-১: ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদ্‌যাপন :**

| ১৭ মার্চ ২০২৪ | | | |
|---|---|---|---|
| নং | আলোচ্য বিষয় | সম্ভাব্য সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | (ক) জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৮:০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উভয় বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ সম্মিলিতভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করবেন। এ লক্ষ্যে ১৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৭:৩০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাসে উপস্থিত হবেন।<br>(খ) জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ হতে বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ এবং সিভিল সার্জন, গোপালগঞ্জ পুষ্পস্তবক অর্পণ করবেন। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• মহাপরিচালক (সকল)<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা) (ঢাকা)<br>• অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা<br>• প্রধান প্রকৌশলী, এইচইডি<br>• সিভিল সার্জন, গোপালগঞ্জ/ঢাকা |

| | | | |
|---|---|---|---|
| ২. | মেডিকেল টীম গঠন | (ক) জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। উক্ত পুষ্পস্তবক অনুষ্ঠান প্রাঙ্গণে (বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা) জরুরি চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার ও নার্সের সমন্বয়ে মেডিকেল টীম প্রস্তুত রাখতে হবে।<br>(খ) জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে টুঙ্গিপাড়ায় জাতির পিতার মাজারে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী পুষ্পস্তবক অর্পণ ও গার্ড অব অনার প্রদান করবেন। উক্ত পুষ্পস্তবক অর্পণ ও গার্ড অব অনার অনুষ্ঠান প্রাঙ্গণে (টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ) জরুরি চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার ও নার্সের সমন্বয়ে মেডিকেল টীম প্রস্তুত রাখতে হবে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>• সিভিল সার্জন (গোপালগঞ্জ/ঢাকা) |
| ৩. | জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা অনুষ্ঠান | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা-কে নিয়ে আগামী ১৯ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০:০০ টায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব কনভেনশন হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকায় শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। তাছাড়া দেশের সকল হাসপাতাল ও স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুবিধামত সময়ে শিশুর স্বাস্থ্য সচেতনতা, পুষ্টি ও খাদ্য সম্পর্কে আলোচনা অনুষ্ঠান আয়োজন করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)<br>• মহাপরিচালক (সকল)<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা) (সকল)<br>• পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)<br>• অধ্যক্ষ, মেডিকেল কলেজসহ সকল স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান |
| ৪. | উন্নতমানের খাবার পরিবেশন | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২৪ তারিখে দেশের সকল হাসপাতালে উন্নতমানের খাবার সরবরাহ ও পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • মহাপরিচালক (সকল)<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল)<br>• পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)<br>• তত্ত্বাবধায়ক (সকল)<br>• উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) |
| ৫. | বিবিধ | জাতির পিতার ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ১৭ মার্চ ২০২৪ তারিখ দেশের সকল হাসপাতালের শিশু ওয়ার্ডগুলোতে শিশুদের জন্য বিনামূল্যে বিশেষ স্বাস্থ্য ক্যাম্প করতে হবে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর |

## (খ) আলোচ্যসূচি-২: ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ :

| ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ | | | |
|---|---|---|---|
| নং | আলোচ্য বিষয় | সম্ভাব্য সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ১. | মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা | আগামী ২০-০৩-২০২৪ থকে ২৫-০৩-২০২৪ তারিখ (সুবিধাজনক দিন/সময়ে) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অধীনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করতে হবে। | • স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ২. | সারাদেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১(এক) মিনিটের | ২৫ মার্চ গণহত্যা দিবসে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও স্বাস্থ্য প্রতিষ্ঠানের | • স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং আওতাধীন সকল |

| | | | |
|---|---|---|---|
| | জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক রাত ১০:০০ থেকে ১০:০১ মিনিট পর্যন্ত ০১(এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট পালন করা যায়। (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | অধিদপ্তর/দপ্তর/সংস্থা/স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ |
| ৩. | ২৫-৩-২০২৪ তারিখ দিবাগত রাতে আলোকসজ্জা করা যাবে না। | ২৫-৩-২০২৪ তারিখ দিবাগত রাতে স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও স্বাস্থ্য প্রতিষ্ঠানের ভবন/স্থাপনাসমূহে কোন ক্রমেই আলোকসজ্জা করা যাবে না | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং<br>• আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ |

## (গ) আলোচ্যসূচি-৩: ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্‌যাপন :

| ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ | | | |
|---|---|---|---|
| নং | আলোচ্য বিষয় | সম্ভাব্য সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ১. | (ক) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন<br>(খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে) | ২৬ মার্চ সূর্যোদয়ের সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা ও স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।<br>(খ) ঢাকা শহরে সহজে দৃশ্যমান উঁচু ভবনসমূহে বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | • মহাপরিচালক (সকল)<br>• উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা), (সকল)<br>• পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)<br>• অধ্যক্ষ, মেডিকেল কলেজসহ সকল স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান |
| ২. | পুষ্পস্তবক অর্পণ | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আগামী ২৬ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৮:০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উভয় বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ সম্মিলিতভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ব্যানারে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করবেন। এ লক্ষ্যে ২৬ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৭:৩০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল অধিদপ্তর/ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ ঢাকা ডেন্টাল কলেজ ছাত্রাবাসে উপস্থিত হবেন। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• মহাপরিচালক (সকল)<br>• অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা<br>• প্রধান প্রকৌশলী, এইচইডি |
| ৩. | আলোকসজ্জা | ২৬ মার্চ সূর্যাস্তের সাথে সাথে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করা যেতে পারে। কোনক্রমেই ২৫/০৩/২০২৪ তারিখে আলোকসজ্জা করা যাবে না। | • মহাপরিচালক (সকল)<br>• উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা), (সকল)<br>• পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)<br>• অধ্যক্ষ, মেডিকেল কলেজসহ সকল স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান |
| ৪. | মেডিকেল টীম গঠন | ২৬ মার্চ ভোর ০৫:৫৬ মিনিটে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ নির্বিঘ্নে করার জন্য সাভার জাতীয় স্মৃতিসৌধের কাছাকাছি মেডিকেল টিম গঠনসহ প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | • মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর<br>• সিভিল সার্জন, ঢাকা |
| ৫. | দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে সকালে | ২৬ মার্চ ২০২৪ তারিখে দেশের সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় | • স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | কুচকাওয়াজ, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, জাতীয় সংগীত পরিবেশন, ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান এবং ডিসপ্লে প্রদর্শন | সংগীত পরিবেশন ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান আয়োজন করতে হবে এবং উক্ত অনুষ্ঠানে এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। | |
| ৬. | ক) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন" বিষয়ে আলোচনা<br><br>খ) জাতীয় পর্যায়ে রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন<br>গ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও ইফতার মাহফিলের আয়োজন | (ক) "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন" বিষয়ে আগামী ২৮ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০:০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা-কে নিয়ে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব কনভেনশন হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে।<br>(খ) ২৬ মার্চ ২০২৪ তারিখ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা/স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জেলা প্রশাসকের সাথে সমন্বয় করে রচনা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করবে।<br>(গ) ২৬ মার্চ ২০২৪ তারিখ বিকাল ৪.০০ টায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সকল স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও ইফতার মাহফিলের আয়োজন করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• উপাচার্য, বিএসএমএমইউ |
| ৭. | উন্নতমানের খাবার পরিবেশন | ২৬ মার্চ ২০২৪ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে দেশের সকল হাসপাতালে উন্নতমানের খাবার সরবরাহ ও পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | • মহাপরিচালক (সকল)<br>• বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), (সকল)<br>• পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)<br>• তত্ত্বাবধায়ক (সকল)<br>• উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) |
| ৮. | বিবিধ | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযথ ও ভাবগাম্ভীর্যের সাথে উদ্‌যাপনের নিমিত্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/স্বাস্থ্য প্রতিষ্ঠান একই Format/Design এর ব্যানার (মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত) প্রস্তুতপূর্বক প্রতিষ্ঠানের সম্মুখে সংরক্ষণ (প্রদর্শন) করতে হবে। | • স্বাস্থ্য সেবা বিভাগ<br>• স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ<br>• মহাপরিচালক (সকল) |

স্বাক্ষরিত/-
১৩.০৩.২০২৪
**ডা: সামন্ত লাল সেন**
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর : ৪৫.০০.০০০০.১৪১.২৩.০১৯.২৪.১০৮/১(২১) তারিখ : ২৯ ফাল্গুন ১৪৩০ / ১৩ মার্চ ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
২. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. উপাচার্য, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট /স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), ঢাকা

৬. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক সহায়তা ট্রাস্ট, মহাখালী, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯. জেলা প্রশাসক, গোপালগঞ্জ জেলা
১০. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১১. পরিচালক/অধ্যক্ষ (সকল)........................................................................................................
১২. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য/পরিবার পরিকল্পনা (সকল)...................................................................
১৩. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪. উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৫. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ অ্যান্ড টিসি, মহাখালী, ঢাকা
১৬. সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)..........................................................................................
১৭. উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)..................................................................................
১৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৯. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২০. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)
২১. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা
২২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।

২৪/৩/২৪

মোঃ আবু সুফিয়ান
সিনিয়র সহকারী সচিব